



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জেনিথ ইসলামী লাইফের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর ॥ স্বাস্থ্য বীমার আওতায় শিক্ষার্থীরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ নভেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আনন্দের সঙ্গে জানাচ্ছেন যে, এ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জেনিথ ইসলামী লাইফের এক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল এ সমঝোতা স্মারক চুক্তিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং জেনিথ ইসলামী লাইফের পক্ষে প্রতিষ্ঠানটির মুখ্য নির্বাহী কর্মকর্তা এস এম নূরুজ্জামান স্বাক্ষর করেন।

সকাল সাড়ে এগারোটায় কোষাধ্যক্ষের অফিস কক্ষে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কোষাধ্যক্ষ বলেন, এ সমঝোতা চুক্তি স্বাক্ষরের মধ্যদিয়ে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা স্বাস্থ্য বীমার আওতায় এসেছে। শিক্ষার্থীদের স্বাস্থ্যসুরক্ষায় নতুন এক মাইলফলক সৃষ্টি হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসন আনন্দিত। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত হিসাবাধ্যক্ষ মো. মোসানুল কবির, উপ-হিসাবাধ্যক্ষ মো. বশির আলম এবং জেনিথ ইসলামী লাইফের ডিএমডি মুসী মো. আব্দুল খালেক ও ডিভিপি মো. আনোয়ার হোসেন সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির ফলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জেনিথ ইসলামী লাইফের জীবন ও স্বাস্থ্য বীমা সুবিধা ভোগ করতে পারবেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

